# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ বেশভূষার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

৮। লেবাস যেন জাঁকজমকপূর্ণ প্রসিদ্ধিজনক না হয়

কারণ, বিরল ধরনের (খুব ভালো অথবা খুব খারাপ) লেবাস পরলে সাধারণতঃ পরিধানকারীর মনে গর্ব সৃষ্টি হয় এবং দর্শকের দৃষ্টি আকর্ষণ করে। তাই রাসুল (ﷺ) বলেন, ‘‘যে ব্যক্তি দুনিয়াতে প্রসিদ্ধিজনক লেবাস পরবে, আল্লাহ তাকে কিয়ামতে লাঞ্ছনার লেবাস পরাবেন।’’[1]

‘‘যে ব্যক্তি জাঁকজমকপূর্ণ লেবাস পরবে, আল্লাহ তাকে কিয়ামতে অনুরূপ লেবাস পরিয়ে তা অগ্নিদগ্ধ করবেন।’’[2]

প্রকাশ থাকে যে, স্বামীর কাছে মহিলার কোন প্রকার পর্দা নেই। স্বামী-স্ত্রী উভয়েই এক অপরের জন্য লেবাস। বাড়ির এগানাপুরুষ (বাপ-ভাইদের) কাছে হাত, পা, মাথা ও ঘাড় ঢাকা জরুরী নয়। মহিলাদের সামনে নাভি থেকে হাঁটু পর্যন্ত ঢাকা জরুরী। তবে মহিলা যদি কাফের হয় অথবা এমন মহিলা বলে আশঙ্কা হয়, যে তার রূপ-লাবণ্য নিজ স্বামী বা অন্য কোন পুরুষের কাছে বয়ান করবে, তাহলে তার সামনেও কেশ ও বক্ষের সৌন্দর্য প্রকাশ করা জায়েয নয়।

## ফুটনোট

[1]. আহমাদ, আবূ দাঊদ, ইবনে মাজাহ, মিশকাত হা/ ৪৩৪৬

[2]. আবূ দাঊদ, বাইহাকী, সহীহুল জা’মে হা/৬৫২৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন